

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 29-01-2026

Time: 07:35-07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Industry & Commerce Fair :

আজ থেকে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে শুরু হচ্ছে ৩৬ তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা। মেলা চলবে আগামী ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত। বিকেল ৫ টায় মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, এবছর মেলার ভাবনা- ত্রিপুরাঃ উত্তর পূর্বের উদীয়মান শিল্প কেন্দ্র। তিনি জানান রাজ্য ও বহিঃরাজ্য থেকে শিল্পদেয়গী, ব্যবসায়ী প্রতিষ্ঠান এই মেলায় অংশ নেবে। মেলা প্রাঙ্গনে ৫৮০টি স্টল থাকবে।

Parliament, Budget

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুরুর ভাষণের মধ্য দিয়ে গতকাল সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে। রাষ্ট্রপতি বলেছেন, অপারেশন সিল্বুরের সময় বিশ্ব ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর বীরত্ব ও পরাক্রম প্রত্যক্ষ করেছে। তিনি বলেন, সরকার একটি দৃঢ় বার্তা পাঠিয়েছে যে ভারতে যেকোনো সন্ত্রাসী হামলার দৃঢ় এবং সিদ্ধান্তমূলক জবাব দেওয়া হবে। উল্লেখ্য, বাজেট অধিবেশন আগামী দোসরা এপ্রিল পর্যন্ত চলবে এবং আগামী পঞ্চাম ফেব্রুয়ারি সংসদে কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে।

CM-MGM School

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মহাত্মা গান্ধী মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে দু'দিনব্যাপী উৎসবের সূচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন সরকার বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রাথমিক স্তরের শিক্ষাদানকে শক্তিশালী করা ও দক্ষতার বিকাশ ঘটানো প্রয়াস চালিয়ে যাচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা, পূর্ব নিগমের কর্পোরেটর সুখময় সাহা, স্কুলের প্রধান শিক্ষক টিটু সাহা প্রমুখ।

PM Vishwakarma

গতকাল বিলোনিয়ার অগ্নিবীণা হলে দক্ষিণ জেলা প্রশাসন ও জেলা শিল্প কেন্দ্রের ব্যবস্থাপনায় পিএম বিশ্বকর্মা প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে এক সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচীর সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধ্বিপতি দীপক দত্ত।

DISHA Seminar

এইচআইভি/এইডস প্রতিরোধের উদ্দেশ্যে জেলাভিত্তিক সমন্বিত পরিকল্পনা রচনার লক্ষ্যে গতকাল থেকে তিন দিন ব্যাপী দিশা ইন-ডেপথ বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে এই প্রশিক্ষণ কর্মশালায় ত্রিপুরা সহ পাঁচটি রাজ্যের স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির আধিকারিকরা অংশগ্রহণ করছেন। কর্মসূচির উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার। এই কর্মসূচিকে সফল করতে ড্রাগ ব্যবহারকারীদের ব্যবহারিক অভ্যাস পরিবর্তনের জন্য গুরুত্ব আরোপ করেন তিনি।

National Voters Day South

নতুন ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে মাঝে ভারত গোমতি জেলার উদ্যোগে কুশারঘাট তরুণ সংঘের ব্যবস্থাপনায় দক্ষিণ জেলার জোলাইবাড়ি বন্দের পশ্চিম চরকবাহ গ্রাম পঞ্চায়েতে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় নাগরিকদের ভোটদানের অধিকার ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন অতিথিরা।

National Road Safety Month-Bishalgarh

বিশালগড় মহকুমা পুলিশের উদ্যোগে গতকাল স্থানীয় টাউন হলে এক সচেতনতামূলক আলোচনা সভা আয়োজিত হয়। সভায় সড়ক সুরক্ষা ও বাল্যবিবাহের কুফল সম্পর্কে বক্তাগন বিস্তারিত আলোচনা করেন। উপস্থিতি ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সির্দ্ধার্থ শিব জয়সওয়াল, জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা।

PM Surja Ghar Mufat Bijli Yojna

২০২৭ সালের মধ্যে রাজ্যের ৫০ হাজার পরিবারকে পি.এম সূর্য ঘর মুক্ত বিজলি যোজনার আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, পি.এম সূর্যঘর মুক্ত বিজলি যোজনায় রাজ্যের ৭৪০ জন গ্রাহক বিদ্যুৎ নিগম থেকে বিগত তিনি মাসে ২ লক্ষ ৬৪ হাজার ৩৩১ টাকা আয় করেছেন।

Mayor-Khowai

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল গতকাল খোয়াই পুর পরিষদের একাধিক উন্নয়নমূলক কাজকর্ম পরিদর্শন করেন। মেয়র দীপক মজুমদার খোয়াই পুর পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক কাজের প্রশংসা করেন।

Weather

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি
থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৭ ডিগ্রি
সেলসিয়াস।
